বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.২১০.১৮.১৩১.১৫.৮৬১৪ তারিখ: ০৭/০৮/২০২২ খ্রি:

**বিষয়: বিদ্যুৎ ও গাড়ির জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে কমিটি গঠন এবং প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: পউসবি এর ২১.০৭.২০২২ তারিখের সভার কার্যবিবরণী (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক জেলা ও উপজেলা কার্যালয়ে বিদ্যুৎ ও গাড়ির জ্বালানি সাশ্রয়ের কর্মপন্থা নির্ধারণ ও বাস্তবায়নের জন্য তদারকি কমিটি গঠনপূর্বক অবহিতকরণ এবং কার্যবিবরণীর ৩.৪ এর (চ) সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত ছক অনুযায়ী বিদ্যুৎ ও গাড়ির জ্বালানি সাশ্রয় সংক্রান্ত একীভূত প্রতিবেদন প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের প্রশাসন-২ শাখায় (ওয়েবমেইল: ddadmn2@brdb.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| জেলা ও উপজেলা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম | মাসের নাম | পূর্ববর্তী মাসে ব্যবহৃত বিদ্যুৎ/জ্বালানির পরিমাণ (ইউনিট/টাকা) | বিবেচ্য মাসে ব্যবহৃত বিদ্যুৎ/জ্বালানির পরিমাণ (ইউনিট/টাকা) | হ্রাস/বৃদ্ধি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

০৭/০৮/22

মোহাম্মদ আতিকুর রহমান
উপপরিচালক (প্রশাসন-২)
বিআরডিবি, ঢাকা
☎ ৮১৮০০২১
E-mail: ddadmn2@brdb.gov.bd

১. পরিচালক (বিআরডিটিআই), সিলেট।
২. উপপরিচালক (সকল), জেলা দপ্তর, বিআরডিবি।
৩. উপপরিচালক (ডাব্লিউটিআই/ এনআরডিটিসি), টাঙ্গাইল/নোয়াখলী।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.২১০.১৮.১৩১.১৫.৮৬১৪ তারিখ: ০৭/০৮/২০২২ খ্রি:

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক (সকল), বিআরডিবি।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কার্যবিবরণীসহ পত্রটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), উপজেলা দপ্তর, বিআরডিবি।
৪. পরিচালক (প্রশাসন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭/০৮/22
সঞ্জিব চন্দ্র সাহা
সহকারী পরিচালক (সাধারণ পরিচর্যা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

**বিষয়: বিদ্যুৎ, জ্বালানী ও উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে জরুরী মতবিনিময়/পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মশিউর রহমান এনডিসি<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ২১.০৭.২০২২ খ্রি:, বুধবার, বিকাল ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নং: ৬৩৩)<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | **পরিশিষ্ট-'ক'** সদয় দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় জানান যে, কোভিড-১৯ ও বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্রতা সাধনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কিছু বিষয়ে পদক্ষেপ গ্রহণ করেছে। এ প্রেক্ষিতে ১২ মে ২০২২ খ্রিঃ তারিখে অর্থ বিভাগের ৪০৩ নং পরিপত্রের মাধ্যমে কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধার এবং বর্তমান বৈশ্বিক সংকটের প্রেক্ষাপটে পুনরাদেশ না দেয়া পর্যন্ত সকল প্রকার এক্সপোজার ভিজিট/স্টাডি ট্যুর/এপিএ ও ইনোভেশন এর আওতাভুক্ত ভ্রমণ এবং ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণসহ সকল প্রকার বৈদেশিক ভ্রমণ বন্ধ থাকবে। একই বিষয়ে বর্ণিত বিধি-নিষিধ সকল সংবিধিবদ্ধ, রাষ্ট্রায়ত্ত, স্বায়ত্তশাসিত, আধা-সরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব তহবিলের অর্থ ব্যবহারের ক্ষেত্রেও প্রযোজ্য হবে মর্মে ১৬ মে ২০২২ তারিখে পরিপত্র জারি করা হয়। পরবর্তীতে উন্নয়ন প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে অর্থ ব্যয়ের ক্ষেত্রে বিধি-নিষেধ আরোপ করে ০৩ জুলাই ২০২২ তারিখে অর্থ বিভাগের বাজেট-১১ শাখা হতে ৩৩৪ ও ৩৩৫ নং পরিপত্র এবং বাজেট অধিশাখা-১ হতে ০১ নং পরিপত্র জারি করা হয়। অপরদিকে বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্রতা সাধন এবং বিদ্যুৎ ও জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট; গ্যাস ও জ্বালানি খাতের অর্থ সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে এবং বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের ২৫% সাশ্রয় করতে হবে মর্মে অর্থ বিভাগের বাজেট অধিশাখা-১ হতে অপর একটি পরিপত্র জারি করা হয়েছে। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে এ বিভাগের করণীয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য এ সভা আহবান করা হয়েছে। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে ২০.০৭.২০২২ তারিখে ব্যয় সংকোচন সংক্রান্ত বিশেষ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে বিদ্যুৎ ব্যবহার হ্রাসের মাধ্যমে **বিদ্যুৎ খাতে বরাদ্দের ২৫%** এবং জ্বালানী ব্যবহার হ্রাসের মাধ্যমে **জ্বালানী খাতে বরাদ্দের ২০%** ব্যয় হ্রাস করার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়, প্রকল্প বাস্তবায়ন এবং বিদেশ ভ্রমণ সীমিতকরণের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থার লক্ষ্য নির্ধারণ করে ব্যয় সংকোচন করার পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন মর্মে সভাপতি বক্তব্য প্রদান করেন।

২.০ এ বিষয়ে মহাপরিচালক, বিআরডিবি; মহাপরিচালক, বার্ড, কুমিল্লা;মহাপরিচালক, আরডিএ, বগুড়া; নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর (রুটিন দায়িত্ব); প্রকল্প পরিচালক, সিভিডিপি-৩য় পর্যায় প্রকল্প; মহাপরিচালক, বাপার্ড, গোপালগঞ্জ; ব্যবস্থাপনা পরিচালক, এসএফডিএফ; ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ; অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট); অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান) সহ অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। উপস্থিত সকলে ব্যয় সংকোচনের বিষয়ে একমত পোষণ করেন এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ মতামত উপস্থাপন করেন।

অঃপৃঃদ্রঃ

৩.০ বিস্তারিত আলোচনা শেষে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়, বিদেশ ভ্রমণ সীমিতকরণ, প্রকল্প বাস্তবায়নে কৃচ্ছ্রতা সাধনসহ বিভিন্ন বিষয়ে লক্ষ্য নির্ধারণ করে ব্যয় সংকোচন নীতি প্রয়োগের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ **বিদ্যুৎ সংক্রান্ত: বিদ্যুৎ ব্যবহার হ্রাসের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থায় প্রদত্ত বরাদ্দের ২৫% ব্যয় কমাতে হবে।**

**লক্ষ্য অর্জনে করণীয়:**

ক. ফরাস অফিস কক্ষ খোলার সময় এবং পরিস্কারের পর কক্ষের লাইট এবং এসি বন্ধ রাখবেন।

খ. কর্মকর্তা/কর্মচারীগণ কক্ষে প্রবেশের পর সর্বনিম্ন যে পরিমাণ আলো প্রয়োজন; সে মোতাবেক অর্থাৎ সাশ্রয়ীভাবে কক্ষের লাইট জ্বালাবেন।

গ. শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র (এসি) সর্বনিম্ন ২৫ ডিগ্রী সেলসিয়াস বা তদূর্ধ্ব তাপমাত্রায় ব্যবহার নিশ্চিত করতে হবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ মে ২০১৩ তারিখের ০৪.৪২৩.০২২.০২.০৬.০০১.২০১২.৪৬ নম্বর পরিপত্র যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

ঘ. কক্ষ ত্যাগের সময় কর্মকর্তা/কর্মচারীগণ নিজ নিজ দায়িত্বে কক্ষের লাইট, ফ্যান ও এসি বন্ধ করবেন। পুনরায় কক্ষে প্রবেশের সময় নিজ নিজ দায়িত্বে প্রয়োজন অনুযায়ী কক্ষের লাইট, ফ্যান ও এসি চালু করবেন।

ঙ. সকল বিদ্যুৎ চালিত যন্ত্রপাতি যেমন-কম্পিউটার, টিভি, ফ্রিজ, ওভেন, হিটার, ইলেকট্রিক ক্যাটলি, গিজার ইত্যাদি প্রয়োজন অনুযায়ী ব্যবহার করবেন যাতে কোনোভাবেই বিদ্যুৎ অপচয় না হয়।

চ. অফিস বন্ধের সময় সকল কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ দায়িত্বে বিদ্যুৎ চালিত যন্ত্রপাতি যেমন-কম্পিউটার, টিভি, ফ্রিজ, ওভেন, হিটার, ইলেকট্রিক ক্যাটলি, গিজার ইত্যাদি বন্ধ রাখবেন।

ছ. সিকিউরিটি লাইট দিনের বেলায় জ্বালানো যাবে না।

জ. অফিসের ন্যায় নিজ নিজ বাসস্থানেও অনুরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

ঝ. সার্ভাররুম ও অপরিহার্য নিরাপত্তার ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা প্রযোজ্য হবে না।

৩.৩ **জ্বালানী সংক্রান্ত: জ্বালানী ব্যবহার হ্রাসের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থার জ্বালানী খাতের বরাদ্দের ২০% ব্যয় কমাতে হবে।**

**লক্ষ্য অর্জনে করণীয়:**

(ক) গাড়ী ও গাড়ীর জ্বালানী ব্যবহার সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ হতে জারিকৃত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(খ) গাড়ি ব্যবহার সংক্রান্ত লগবই যথাযথভাবে লিখতে হবে। সংশ্লিষ্ট গাড়ি ব্যবহারকারী কর্মকর্তা এ বিষয়টি মনিটরিং করবেন।

অঃপৃঃদ্রঃ

৩.৪ **উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

(ক) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের জারিকৃত উন্নয়ন প্রকল্প সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(খ) PSI (Pre-shipment Inspection) সরাসরি না করে ভিন্ন কোন পদ্ধতিতে করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) সকল প্রকার কর্মসূচি/প্রকল্প/স্কীমসমূহের ক্ষেত্রে সম্মানী খাতে বরাদ্দকৃত অর্থ কোনক্রমেই ব্যয় করা যাবে না।

(ঘ) এ বিভাগের আওতাধীন আরডিএ, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন “কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ” শীর্ষক গুরুত্বপূর্ণ প্রকল্পটিকে ‘বি’ ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে ‘বি’ ক্যাটাগরির প্রকল্পটিকে ‘এ’ ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত করার উদ্যোগ নিতে হবে।

৩.৪ **বিবিধ:**

(ক) অনিবার্য না হলে, শারীরিক উপস্থিতিতে সভা পরিহার করতে হবে এবং ১০০% সভা অন-লাইন প্লাটফর্মে আয়োজন করতে হবে।

(খ) সরকারি ব্যয়ে কোন বিদেশ ভ্রমণ অনুমোদন দেয়া যাবে না। এছাড়া, ব্যক্তিগত খরচে চিকিৎসা বা জরুরি প্রয়োজন ব্যতিত অন্যান্য বিদেশ ভ্রমণ ও সীমিত করতে হবে।

(গ) বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্রতা সাধনের লক্ষ্যে এ সংক্রান্ত অর্থ বিভাগ হতে জারিকৃত সকল পরিপত্র যথাযথ অনুসরণ করতে হবে।

(ঘ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থা অর্থ বিভাগের সর্বশেষ সার্কুলার অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা পুনঃপর্যালোচনা করে রাজস্ব ব্যয় হ্রাস করতে হবে।

(ঙ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থায় বিদ্যুৎ ও গাড়ী’র জ্বালানী সাশ্রয়ের কর্মপন্থা নির্ধারণ ও বাস্তবায়ন পর্যালোচনার জন্য তদারকি কমিটি গঠন করতে হবে। একইভাবে দপ্তর/অধিদপ্তর/সংস্থার আওতাধীন বিভাগীয়/জেলা/উপজেলা কার্যালয়ে অনুরূপ কমিটি গঠনে দপ্তর/সংস্থাসমূহ হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

(চ) বিভাগীয়/জেলা/উপজেলা কার্যালয় বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহার ও সাশ্রয় সংক্রান্ত প্রতিবেদন আগস্ট/২০২২ মাস হতে প্রতি মাসে সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/সংস্থায় প্রেরণ করবে এবং দপ্তর/অধিদপ্তর/সংস্থা হতে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের এ সংক্রান্ত প্রতিবেদন নিম্নবর্ণিত ছকে এ বিভাগের প্রশাসন শাখা-১ এ প্রেরণ করতে হবে:

**‘ছক’**

| ক্র.নং | পূর্ববর্তী মাসে ব্যবহৃত বিদ্যুৎ/জ্বালানির পরিমাণ (ইউনিট/টাকা) | বিবেচ্য মাসে ব্যবহৃত বিদ্যুৎ/জ্বালানির পরিমাণ (ইউনিট/টাকা) | হ্রাস/বৃদ্ধি (%) | মন্তব্য |
|---|---|---|---|---|

৪.০ অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৬/০৭/২০২২
(মোঃ মশিউর রহমান এনডিসি)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**অঃপৃঃদ্রঃ**

১২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.০১২.২০-৬৫১ তারিখঃ ----------------------------

২৭ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ

**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।

০২। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা

০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

০৪। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।

০৫। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।

০৬। প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি-৩য় পর্যায়) প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।

০৭। যুগ্মসচিব (আইন ও প্রতিষ্ঠান/উন্নয়ন/পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮। মহাপরিচালক, বঙ্গাবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।

০৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ইউনিয়ন), ঢাকা।

১০। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা।

১১। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।

১২। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি:, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।

১৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।**

১৪। উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৫। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**

১৬। সিঃ সহঃ সচিব/সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৭। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।**

১৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

১৯। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০। নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, ২২, দিলকুশা বা/এ (৩য় তলা), ঢাকা-১০০০।

২১। হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২। অফিস কপি।

27.07.2022

(মোহাম্মদ আনোয়ার হোসাইন)
উপসচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৯০৬৪৬
e-mail: ds.admin@rdcd.gov.bd